দৈনিক বাংলা

শিক্ষা তথ্য ও ... ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 12 NOV 1988
পৃষ্ঠা ৮ কলাম ৮

210

## ডিগ্রী পরীক্ষা ও পরীক্ষা কেন্দ্র

আগামী ১৯-১১-৮৮ তারিখে ডিগ্রী পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে। অথচ এদিকে শোনা যাচ্ছে মফস্বল এলাকার বেশ কয়েকটি পরীক্ষার কেন্দ্র নাকি বদলানো

# জনমত

হবে। কিন্তু কেন? যখন কেন্দ্রগুলি স্থাপন করা হয়েছিল তখন কি কোনরূপ চিন্তা-ভাবনা ছাড়াই তা করা হয়েছিল? জানা গেছে, নকলের জন্যই নাকি পরীক্ষা কেন্দ্রের এই রদবদল হতে যাচ্ছে।

আমরা মনে করি পরীক্ষা কেন্দ্র বাতিল করে নয়, পর্যাপ্ত ক্ষমতাসম্পন্ন দক্ষ পরিদর্শক দল গঠন ও স্থানীয় আইন-শৃংখলা রক্ষাকারী কর্তৃপক্ষের পরিপূর্ণ সহযোগিতার মাধ্যমেই সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনা সম্ভব। অতএব যথাযথ কর্তৃপক্ষের কাছে প্রার্থনা, কেন্দ্র না কেটে এবং পরিদর্শক টিমের হাতে উপযুক্ত ক্ষমতা দিয়ে বন্যাদুর্গত মফস্বল অঞ্চলের গরীব ছাত্রছাত্রীদের পরীক্ষা নেয়ার বিষয়টি যথার্থ গুরুত্ব ও সহানুভূতির সাথে বিবেচনা করুন।

—ফখরুল, পরিসংখ্যান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ, ঢাকা।